নুসরাতের বাড়িতে পেট্রোল বোমার আলামত মেলেনি: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ও এনসিপি নেত্রী নুসরাত তাবাসসুমের গ্রামের বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনায় পেট্রোল বোমা বিস্ফোরণের কোনো আলামত পাওয়া যায়নি বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। প্রাথমিক তদন্তে বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুন লাগার সম্ভাবনাই বেশি বলে ধারণা করা হচ্ছে।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) জাতীয় সংসদের চতুর্থ অধিবেশনের চতুর্থ দিনে এ তথ্য জানান স্বরাষ্ট্রমন্ত্রী।

তিনি বলেন, নুসরাতের যে টিনশেড আধা-পাকা বাড়িটিতে আগুন লাগে, সেটি থেকে প্রায় ২০ মিটার দূরে তিনতলা বাড়িতে থাকেন তাঁর বাবা-মা। আগুন লাগা ঘরটিতে কেউ বসবাস করতেন না। সেখানে দুটি ছাগল ও কিছু আসবাবপত্র রাখা ছিল।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, খবর পাওয়ার পর ফায়ার সার্ভিস ও পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। অতিরিক্ত পুলিশ সুপার, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি), পুলিশ সুপার ও বিজিবির একটি দলও ঘটনাস্থল পরিদর্শন করেছে। আগুনের কারণ জানতে বিজিবি, ফায়ার সার্ভিস, পুলিশ ও সিভিল প্রশাসনের সমন্বয়ে যৌথ তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।

প্রাথমিক তদন্তের তথ্য তুলে ধরে সালাহউদ্দিন আহমদ বলেন, স্থানীয় বাসিন্দা ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে কথা বলে এবং ঘটনাস্থলের আলামত পরীক্ষা করে পেট্রোল বোমা বিস্ফোরণের কোনো শব্দ বা দেয়ালে বিস্ফোরণের চিহ্ন পাওয়া যায়নি। বাড়িটি পুরোনো হওয়া এবং বৈদ্যুতিক তারের সংযোগ দুর্বল থাকায় শর্টসার্কিট থেকে আগুন লাগতে পারে বলে ধারণা করা হচ্ছে।